CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2022/TDC(CBCS)/EVEN/SEM/**
**BNGDSE–602T/025**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGDSE–602T

( রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতা )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : ১×২০=২০

১। 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটি সুভাষ মুখোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

২। সুভাষ মুখোপাধ্যায় কোন্ রাজনৈতিক চিন্তাধারার কবি ছিলেন ?

৩। সুভাষ মুখোপাধ্যায়ের 'মে-দিনের কবিতা' কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। "দেয়ালে দেয়ালে এঁটে দেয় কারা
অনাগত একদিনের ফতোয়া।"

'ফতোয়া' শব্দের অর্থ কী?

৫। 'প্রস্তাবঃ ১৯৪০' কবিতায় কবি কীসের মন্ত্র নিয়েছেন?

৬। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

৭। 'স্থিরচিত্র' কবিতাটি বীরেন্দ্র চট্টোপাধ্যায় কাকে উৎসর্গ করেন?

৮। "চাঁদের দেশের সবার চাইতে উঁচু পাহাড়টার
চূড়ায় দিই উড়িয়ে, তার মাটিকে করি সোনার চেয়ে দামী!"

চরণ দুটি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের বিখ্যাত কোন্ কবিতার অন্তর্গত?

৯। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'রাজা আসে যায়' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

১০। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'স্থিরচিত্র' কবিতায় চরণসংখ্যা কত?

১১। 'মনসামঙ্গল' কবিতাটি শক্তিপদ ব্রহ্মচারীর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

১২। কবি শক্তিপদ ব্রহ্মচারী কোন্ পত্রিকাগোষ্ঠীর অন্যতম কবি ছিলেন?





১৩। শক্তিপদ ব্রহ্মচারী পেশায় কী ছিলেন?

১৪। শক্তিপদ ব্রহ্মচারী সম্পাদিত যে কোনো একটি পত্রিকার নাম লেখো।

১৫। শক্তিপদ ব্রহ্মচারী কোথায় জন্মগ্রহণ করেন?

১৬। 'নীল ভালোবাসায়' কবিতাটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

১৭। শক্তি চট্টোপাধ্যায় কোন্ কাব্যগ্রন্থের জন্য সাহিত্য অকাদেমি পুরস্কার লাভ করেন?

১৮। শক্তি চট্টোপাধ্যায় কার স্মৃতির উদ্দেশ্যে 'মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি' কবিতাটি লেখেন?

১৯। শক্তি চট্টোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ কবিতা' বইটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২০। "দক্ষিণ দুয়ারে এসে দাঁড়াবে নির্ঘাৎ
চতুর্দোলা নিয়ে যম—"

এই চরণ দুটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কবিতার অন্তর্গত?

২১। কবিতা সিংহের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। ‘কবিতা পরমেশ্বরী’ কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেন?

২৩। ‘আন্তিগোনে’ কবিতাটি কবিতা সিংহ কার উদ্দেশ্যে লেখেন?

২৪। কবিতা সিংহ কী ছদ্মনামে লিখতেন?

২৫। কবিতা সিংহের ‘বৃক্ষ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। সুভাষ মুখোপাধ্যায়ের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২৭। ‘‘গায়ে হলুদ দেওয়া বিকেলে
একটা দুটো পয়সা পেলে
যে হরবোলা ছেলেটা ...’’

সুভাষ মুখোপাধ্যায়ের কোন্ কবিতার অংশ? ‘হরবোলা’ শব্দের অর্থ কী?

২৮। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মসন ও মৃত্যু সন উল্লেখ করো।





২৯। ‘‘জননী জন্মভূমি!
সব দেখে সব শুনেও অন্ধ তুমি!’’

পঙ্‌ক্তি দুটি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কোন্ কবিতার অন্তর্গত? এই কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

৩০। ‘শক্তিপদ ব্রহ্মচারীর নির্বাচিত কবিতা সংকলন’ বইটির সম্পাদক কে? বইটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

৩১। শক্তিপদ ব্রহ্মচারীর যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৩২। ‘সাহিত্য অকাদেমি’ ব্যতীত শক্তি চট্টোপাধ্যায়ের অন্য যে কোনো দুটি পুরস্কারপ্রাপ্তির নাম উল্লেখ করো।

৩৩। ‘‘আমি সোনার একটি মাছি খুন করেছি রাত দুপুরে।’’ শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কবিতার অংশ? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

৩৪। কবিতা সিংহ ‘শ্রেষ্ঠ কবিতা’ বইটি কাকে উৎসর্গ করেন? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

৩৫। কবিতা সিংহের প্রথম কবিতা কোন্ পত্রিকায় এবং কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। সুভাষ মুখোপাধ্যায়ের 'বধূ' কবিতাটি যে রবীন্দ্রনাথের 'বধূ' কবিতা থেকে সম্পূর্ণ স্বতন্ত্র তা যুক্তিসহকারে উপস্থাপন করো।

৩৭। সুভাষ মুখোপাধ্যায়ের 'একটি কবিতার জন্যে' কবিতায় কবি রোমান্টিকতাকে নস্যাৎ করে বাস্তব জীবনে মাটির কাছাকাছি মানুষের ছবি ফুটিয়ে তুলতে সক্ষম হয়েছেন—আলোচনা করো।

৩৮। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুখোশ' কবিতায় মুখোশের আড়ালে কবি যে সামাজিক পলস্তারা দেওয়া মুখোশরূপী জীবনযাপনের ছবি ফুটিয়ে তুলেছেন তা আলোচনা করো।

৩৯। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'অথচ ভারতবর্ষ তাদের' কবিতায় কবি যে মানুষদের কথা ব্যক্ত করেছেন তার রূপচিত্র উপস্থাপন করো।

৪০। 'একান্ত ব্যক্তিগত' কবিতাটি শক্তিপদ ব্রহ্মচারীর ব্যক্তি জীবনের আলো-ছায়ার দিনলিপি বলা যুক্তিযুক্ত—আলোচনা করো।

৪১। শক্তিপদ ব্রহ্মচারীর 'একটি গ্রামীণ পদ্য' কবিতায় গ্রাম-বাংলা, গ্রামের মানুষ অনিবার্যভাবে উঠে এসেছে, এসেছে ধূলিবালির জীবন—আলোচনা করো।

৪২। মৃত্যুচেতনার কবিতা হিসেবে শক্তি চট্টোপাধ্যায়ের 'মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি' কবিতাটি কতটুকু সার্থক, আলোচনা করো।





৪৩। শক্তি চট্টোপাধ্যায়ের 'কক্সবাজারে সন্ধ্যা' কবিতায় প্রকৃতিচেতনার যে রূপ ফুটে উঠেছে তা আলোচনা করো।

৪৪। কবিতা সিংহের 'অপমানের জন্য ফিরে আসি' কবিতায় নারীচেতনার যে নিদর্শন মেলে তা কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।

৪৫। কবিতা সিংহের 'সেই নারী' কবিতাটি সকল কালের নারীর বেদনাঘন মনের একটি উল্লেখযোগ্য বয়ান—তোমার পাঠ্য কবিতা আলোচনা করে তা বুঝিয়ে দাও।

★★★